# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৯

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২৭: কাফির ইসলাম গ্রহণ করতে চাইলে প্রথমেই গোসল করে নেয়া

## تَقْدِيمُ غُسْلِ الْكَافِرِ إِذَا أَرَادَ أَنْ يُسْلِمَ

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قال: حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ، أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ، يَقُولُ: إِنَّ ثُمَامَةَ بْنَ أُثَالٍ الْحَنَفِيَّ انْطَلَقَ إِلَى نَجْلٍ قَرِيبٍ مِنَ الْمَسْجِدِ، فَاغْتَسَلَ ثُمَّ دَخَلَ الْمَسْجِدَ، فَقَالَ: أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ، يَا مُحَمَّدُ، وَاللَّهِ مَا كَانَ عَلَى الْأَرْضِ وَجْهٌ أَبْغَضَ إِلَيَّ مِنْ وَجْهِكَ، فَقَدْ أَصْبَحَ وَجْهُكَ أَحَبَّ الْوُجُوهِ كُلِّهَا إِلَيَّ، وَإِنَّ خَيْلَكَ أَخَذَتْنِي وَأَنَا أُرِيدُ الْعُمْرَةَ، فَمَاذَا تَرَى ؟ فَبَشَّرَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَأَمَرَهُ أَنْ يَعْتَمِرَ مُخْتَصَرٌ .

تخريج دارالدعوه: صحيح البخارى/الصلاة ٧٦ (٤٦٢) مختصرًا، الخصومات ٧ (٢٤٢٢) مختصرًا، المغازي ٧٠ (٤٣٧٢) مطولاً، صحيح مسلم/الجهاد ١٩ (١٧٦٤)، سنن ابى داود/الجهاد ١٢٤ (٢٦٧٩)، (تحفة الأشراف: ١٣٠٠٧)، مسند احمد ٢/٤٥٢، ٤٨٣، وسيأتى بعضه برقم: ٧١٣ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 189 - صحيح

বাংলা

১৮৯. কুতায়বাহ্ (রহ.) ..... সা’ঈদ ইবনু আবূ সাঈদ (রহ.) হতে বর্ণিত। তিনি আবূ হুরায়রাহ্ (রাঃ) - কে বলতে শুনেছেন যে, সুমামাহ্ ইবনু উসাল আল হানাফী মসজিদে নাবাবীর নিকটবর্তী একটি বাগানে গেলেন। সেখানে গোসল করার পর মসজিদে নাবাবীতে ঢুকলেন এবং বললেন, “আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্ল-হু ওয়াহদাহু লা- শারীকা লাহু ওয়া আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রসূলুহ” (আমি সাক্ষ্য দিচ্ছি, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি

একক, তার কোন শরীক নেই; আরও সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ (সা.) তাঁর বান্দা এবং রসূল)। হে মুহাম্মাদ! আল্লাহর শপথ, পৃথিবীতে কোন চেহারাই আপনার চেহারা থেকে বেশি অপ্রিয় আমার কাছে ছিল না, এখন আপনার চেহারা আমার কাছে সকল চেহারা হতে অধিক প্রিয়। আপনার সৈনিকেরা আমাকে গ্রেফতার করেছে অথচ আমি ’উমরার ইচ্ছা রাখি। এ ব্যাপারে আপনার অভিমত কি? রাসূলুল্লাহ (সা.) তাকে সুসংবাদ দিলেন এবং তাঁকে ’উমরাহ করার নির্দেশ দিলেন।

## English

127. The Disbeliever Performing Ghusl First When He Wants To Accept Islam

Abu Hurairah said: Thumamah bin Uthal Al-Hanafi went to fetch some water that was near the Masjid and performed Ghusl, then he entered the Masjid and said: 'Ashhadu an la ila ha ill-Allah was ashhadu anna Muhammadan 'abduhu wa rasuluh (I bear witness that there is none worthy of worship except Allah and I bear witness that Muhammad is His slave and Messenger), O Muhammad, by Allah! There was no face on the face of the Earth that was more hateful to me than your face, not now your face has become the most beloved of all faces to me. You cavalry captured me and I want to perform 'Umrah. What do you think? The Prophet (ﷺ) gave him glad tidings and told him to perform 'Umarah.

ফুটনোট

সহীহ: বুখারী ৪৬২, ৪৩৭২; মুসলিম ১৭৬৪, সহীহ আবূ দাউদ ২৪০২, ইওয়াউল গালীল ১২১৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86460

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন